নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়নগঞ্জ।
ফোন ০২-৭৬৩২২৮০

OFFICE OF THE
EXECUTIVE ENGINEER
DREDGER OPERATION DIVISION
BWDB, NARAYANGANJ.
Tele. 02-7632280

E-mail : xen.dredger.narayanganj@bwdb.gov.bd

স্মারক নং-৭৬১

তারিখঃ ২৯-১১-২০২১ইং।

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-ওটিএম-০৩/২০২১-২০২২

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | এজেন্সী/সংস্থা | ঃ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | নিলামকারীর দপ্তর | ঃ | নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। |
| ৪। | নিলামকারী জেলা | ঃ | নারায়ণগঞ্জ। |
| ৫। | নিলামে বিক্রয় যোগ্য মালামাল এর বিবরন(যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে এবং তফশীলের সহিত সংযুক্ত "নিলাম দরপত্রের শর্তাবলী" মোতাবেক)। | ঃ | <table><tr><th>প্যাকেজ নং</th><th>মালামাল/সরঞ্জামের বিবরন</th><th>অবস্থান</th></tr><tr><td>ড্রেজার নিলাম (ক)</td><td>(১) এস.ডি কির্তিনাশা-১২˝ ড্রেজার<br>(২) এস.ডি বংশী-১২˝ ড্রেজার<br>(৩) এস.ডি ভৈরব-১২˝ ড্রেজার<br>(৪) এস.ডি গুমতী-১২˝ ড্রেজার<br>(৫) এস.ডি হরিণঘাটা-১২˝ ড্রেজার<br>(৬) এস.ডি সুরমা-১২˝ ড্রেজার</td><td>নারায়ণগঞ্জ ড্রেজার বেইজ</td></tr><tr><td>ড্রেজার নিলাম (খ)</td><td>এস.ডি আত্রাই-১২˝ ড্রেজার</td><td>শরীফপুর, তিতাস নদী, ব্রাক্ষনবাড়ীয়া।</td></tr></table> |
| ৬। | নিলাম মালামাল (Auction materials) সরজমিনে যাঁচাই করণ | ঃ | নিলাম দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর হইতে দরপত্র দাখিলের পূর্ব দিন (সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিন ছাড়া অফিস চলাকালীন সময়) পর্যন্ত। |
| ৭। | নিলামে অংশ গ্রহণের যোগ্যতা | ঃ | বাপাউবোর্ডের ঠিকাদার/ প্রতিষ্ঠিত ব্যবসায়ী প্রতিষ্ঠান/ উপযুক্ত আগ্রহী ব্যক্তি/ ক্রেতা |
| ৮। | নিলাম দরপত্র দলিলের ক্রয় মূল্য | ঃ | প্রতি সেট এর মূল্য টাঃ ৩,০০০/- (তিন হাজার) মাত্র (অফেরৎ যোগ্য) |
| ৯। | নিলাম দরপত্র দলিলের বিক্রয় স্থান | ঃ | ১। জনতা ব্যাংক লিঃ, ড্রেজার সংস্থা শাখা, কিল্লারপুল, নারায়ণগঞ্জ।<br>২। জনতা ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ২৯ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। |
| ১০। | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ২১-১২-২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১১। | নিলাম দরপত্র দলিল দাখিলের স্থান | ঃ | ১। নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।<br>২। পুলিশ সুপার এর দপ্তর, নারায়ণগঞ্জ। |
| ১২। | নিলাম দরপত্র দলিল গ্রহণের তারিখ ও সময় | ঃ | ২২-১২-২০২১খ্রিঃ, ১১-০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৩। | জামানত/বায়না টাকার পরিমান | ঃ | উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ) শতাংশ টাকা অগ্রিম হিসাবে এবং উক্ত ২৫% এর ১৫% ভ্যাট এবং ১০% অগ্রিম আয়কর হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়নগঞ্জ বরাবরে দরপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে। |
| ১৪। | নিলাম দরপত্র দলিল খোলার তারিখ ও সময় | ঃ | ২২-১২-২০২১খ্রিঃ বেলা ১২-০০ ঘটিকা। দরপত্র বাক্স দরদাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে খোলা হইবে। |
| ১৫। | বিশেষ নির্দেশনা | ঃ | ব্যাংক ব্যতিত অত্র দপ্তর হইতে কোন দরপত্র বিক্রয় করা হইবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করেন। |

২৯/১১/২১

(প্রকৌঃ মোহাম্মদ শওকত আলী)
পরিচিতি নং-৮০০১০২০০১
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়নগঞ্জ।

Scanned with CamScanner

স্মারক নং-নাড্রেবি/৭৬১/১(৩০) তারিখঃ ২৯-১১-২০২১ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হইল (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ/খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল/ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড (পান্থপথ), ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড (পান্থপথ), ঢাকা।
৫। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। (নিলাম দরপত্র উন্মুক্তকরনের দিন প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য)
৬। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড (পান্থপথ), ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------------------------------।
৮। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৯। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, ড্রেজার সংস্থা শাখা, কিল্লারপুল, নারায়ণগঞ্জ। উপরোক্ত স্মারক মোতাবেক প্রেরিত (প্রতি প্যাকেজ ১০ (দশ) সেট করিয়া মোট- ২০(বিশ) সেট) নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হইল যাহা আগামী ২১-১২-২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত নোটিশে উল্লেখিত মূল্যে বিক্রয়ের জন্য অনুরোধ করা যাইতেছে এবং বিক্রয়লব্ধ অর্থ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর সিডি হিসাব নং-০৩৪৪০৩২০০০০৩৫৬(০১০০০৩৯৯২২৭৭৫-অনলাইন) শাখায় স্থানান্তরের জন্য অনুরোধ করা হইল। দরপত্র দলিলের অতিরিক্ত চাহিদা (যদি থাকে) লিখিতভাবে নিম্ন-স্বাক্ষরকারীকে জানানোর জন্য এবং অবিক্রিত দলিল নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হইল।
১০। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ২৯ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। উপরোক্ত স্মারক মোতাবেক প্রেরিত (প্রতি প্যাকেজ ১০ (দশ) সেট করিয়া মোট- ২০(বিশ) সেট) নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হইল যাহা আগামী ২১-১২-২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত নোটিশে উল্লেখিত মূল্যে বিক্রয়ের জন্য অনুরোধ করা যাইতেছে এবং বিক্রয়লব্ধ অর্থ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর সিডি হিসাব নং-০৩৪৪০৩২০০০০৩৫৬(০১০০০৩৯৯২২৭৭৫-অনলাইন) শাখায় স্থানান্তরের জন্য অনুরোধ করা হইল। দরপত্র দলিলের অতিরিক্ত চাহিদা (যদি থাকে) লিখিতভাবে নিম্ন-স্বাক্ষরকারীকে জানানোর জন্য এবং অবিক্রিত দলিল নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হইল।
১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড (পান্থপথ), ঢাকা।
১৩। প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট), ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১৪। জনাব ........................................................................................................।
১৫। নোটিশ বোর্ড।
১৬। নথি।

২৯/১১

নির্বাহী প্রকৌশলী
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়নগঞ্জ।

Scanned with CamScanner

# "নিলাম দরপত্রের শর্তাবলী"

১। দরপত্রে বর্ণিত অকেজো ঘোষিত ড্রেজারসমূহ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য তফশীল যথাযথভাবে পূরণ করিয়া সীল মোহরকৃত খামে "নিলাম দরপত্র" দাখিল করিতে হইবে। উল্লেখ্য, ড্রেজারের সহিত মেইন বডির বাহিরে অন্য কোন প্রকার অন্যান্য মালামাল অর্থাৎ সোর পাইপ, ফ্লোটার, হুজ পাইপ ইত্যাদি নিলামের অন্তর্ভূক্ত নয়।

২। দাখিলকৃত খামের উপর দরদাতার স্বাক্ষর প্রদান পূর্বক দর দাতার নাম/বিবরনীসহ পূর্ণ ঠিকানা, মোবাইল ফোন/টেলিফোন নং (ই-মেইল এড্রেস যদি থাকে) সহ স্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

৩। উক্ত নিলাম দরপত্র আগামী ২২-১২-২০২১খ্রিঃ তারিখে দুপুর ১১-০০ ঘটিকা পর্যন্ত (ক) নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারাণয়গঞ্জ এর দপ্তরে এবং (খ) পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে গৃহীত হইবে এবং ২২-১২-২০২১ইং দুপুর ১২-০০ ঘটিকায় নিলাম দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তর কক্ষে প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ দরপত্র উন্মুক্তকরন কমিটি কর্তৃক খোলা হইবে।

৪। ক) উদ্ধৃত দর, নিলাম তফশীলের নির্দিষ্ট জায়গায় পরিষ্কারভাবে কথায় এবং অংকে উল্লেখ করিতে হইবে। উদ্ধৃত দর কাটাকাটি বা অস্পষ্ট বা কাটাকাটির পর পুনরায় লিখিয়া স্বাক্ষর না করিলে নিলাম দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। যে কোন ধরণের সংশোধন প্রয়োজন হইলে সরল রেখায় কাটিয়া পুনরায় স্বাক্ষর করিতে হইবে। কথায় ও অংকে লেখার মধ্যে পার্থক্য থাকিলে কথায় লেখা সঠিক ধরা হইবে।

খ) নিলাম দরপত্র দলিলের প্রতি পৃষ্ঠায় দরদাতাগণকে তারিখসহ স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। ইহাছাড়া, নিলাম তফশীলের নির্ধারিত স্থানে, দরদাতার স্বাক্ষর, নাম, বিস্তারিত ঠিকানা, টেলিফোন নম্বর ও অন্যান্য চাহিদামত তথ্যাদি পরিষ্কারভাবে লিখিতে হইবে।

গ) দরদাতার জাতীয় পরিচয়পত্র (NID), TIN, ট্রেড লাইসেন্স সমূহের অনুলিপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৫। আগামী ২১-১২-২০২১খ্রিঃ তারিখের মধ্যে তফশীলে বর্ণিত ড্রেজার অফিস চলাকালীন সময়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর সহিত যোগাযোগ পূর্বক নারায়ণগঞ্জ ড্রেজার বেইজ এ নিলাম ঘোষিত ড্রেজারসমূহ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন। এই ক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন এবং অফিস সময়ের (সকাল ৯:০০ হইতে বিকাল ৫:০০) আগে ও পরে কোন ক্রমেই ড্রেজার পরিদর্শন করার সুযোগ থাকিবে না।

৬। দরপত্রে উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ) বায়না/জামানত হিসেবে এবং উদ্ধৃত দরের ২৫% এর ১৫% ভ্যাট এবং উদ্ধৃত দরের ৫% অগ্রিম আয়কর হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর অনুকূলে দরপত্রের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে। বায়নার পরিমান উদ্ধৃত দরের ২৫% এর কম হইলে নিলাম দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। নিলাম দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ীত কৃতকার্য সর্বোচ্চ দর দাতাকে ডেলিভারী আদেশ প্রদান করা হইবে এবং ডেলিভারী আদেশ প্রদানের ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে নিলাম দরপত্রে ড্রেজারের উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% মূল্য এবং উদ্ধৃত মূল্যের উপর রাজস্ব বোর্ডের বিধি মোতাবেক ৭৫% এর ১৫% ভ্যাট এবং ১০% অগ্রীম আয়কর অথবা ডেলিভারী গ্রহনের সময়ে রাজস্ব বোর্ডের এ সংক্রান্ত নুতন কোনরূপ ভ্যাট ও আয়কর বিধি আরোপিত হয় সে মোতাবেক ভ্যাট ও আয়কর উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর অনুকূলে নিম্ন-স্বাক্ষরকারী'র দপ্তরে জমা প্রদান করিতে হইবে।

৮। Responsive সর্বোচ্চ দরদাতার অনুকূলে গৃহীত নিলাম দরপত্রের কার্যাদেশ প্রদানের পরই কেবলমাত্র অংশগ্রহণকারী অন্যান্য নিলাম দরদাতা বায়না/জামানত ফেরৎ প্রদান করা হইবে।

৯। অনুচ্ছেদ ৭ মোতাবেক প্রাপ্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে নগদায়ন স্বাপেক্ষে মালামাল ডেলিভারী আদেশ প্রদান করা হইবে এবং ডেলিভারী আদেশের ০১ (এক) মাসের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডেলিভারী কমিটি এর সহিত আলোচনা স্বাপেক্ষে নিলাম দরদাতার সম্পূর্ন নিজস্ব নিলামকৃত মালামালসমূহ গ্রহনপূর্বক অন্যত্র স্থানান্তর করিতে হইবে। অন্যথায়, নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর ডেলিভারী আদেশ বাতিল পূর্বক সমূদয় জমাকৃত টাকা/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হইবে।

১০। ড্রেজার ডেলিভারী গ্রহণের সময় নিরাপত্তা বিঘ্নিত অথবা পাশে রক্ষিত অন্যান্য চালু/অকেজো ড্রেজার/সহযোগী জলযান/যন্ত্রাংশ/মালামাল এর ক্ষতি সাধিত হইতে পারে এমন কোন কাজ করা হইলে কিংবা চেষ্টা করা হইলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গৃহীত হইবে এবং ক্ষয়ক্ষতির যাবতীয় দায়ভার নিলাম গ্রহীতার উপরেই বর্তাইবে।

১১। দরদাতা কর্তৃক শর্তযুক্ত কোন নিলাম দরপত্র দাখিল করা হইলে উহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করেন।

২২/১২/২১

(প্রকৌঃ মোহাম্মদ শওকত আলী)
পরিচিতি নং-৮০০১০২০০১
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়নগঞ্জ।

Scanned with CamScanner